অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/13/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের উদীয়মান প্রযুক্তি উপদেষ্টা বোর্ডের প্রতিষ্ঠাতা সদস্যদের ঘোষণা করেছে

একটি উদ্ভাবনী কেন্দ্র হিসেবে নিউ ইয়র্কের রূপান্তরকে অবগত ও ত্বরান্বিত করার জন্য IBM এবং গার্লস হু কোডের প্রধান নির্বাহী কর্মকর্তাদ্বয় উপদেষ্টাদের স্বাধীন গোষ্ঠীর নেতৃত্ব দিবেন

সদস্যদের মধ্যে কৃত্রিম বুদ্ধিমত্তা, উন্নত উত্পাদন, ফাইন্যান্স, বায়োটেকনোলজি এবং অন্যান্য শিল্পের নেতৃবর্গ এবং সমতা এবং কর্মীবাহিনীর উপর ফোকাস করা বিশ্বব্যাপী বিখ্যাত অলাভজনক সংস্থার নেতৃবর্গ অন্তর্ভুক্ত

নিউ ইয়র্ক স্টেটে উদ্ভাবনী শিল্প বৃদ্ধি এবং নিউ ইয়র্ককে দায়িত্বশীল AI -এর রাজধানীতে পরিণত করার জন্য গভর্নরের প্রতিশ্রুতির উপর ভিত্তি করে গড়ে তোলে

গভর্নর ক্যাথি হোকল আজ নতুন উদীয়মান প্রযুক্তি উপদেষ্টা বোর্ডের (Emerging Technology Advisory Board) সদস্যদের ঘোষণা করেছেন, যা শিল্পের নেতৃবর্গের একটি স্বাধীন গ্রুপ যাকে নিউ ইয়র্ক স্টেটে একটি সমৃদ্ধ উদীয়মান প্রযুক্তি ইকোসিস্টেমের জন্য দিক নির্দেশনা প্রদানের দায়িত্ব দেওয়া হয়েছে। উপদেষ্টা বোর্ডটি IBM এর প্রধান নির্বাহী কর্মকর্তা (Chief Executive Officer, CEO) অরবিন্দ কৃষ্ণ এবং গার্লস হু কোড এর CEO ড. টারিকা ব্যারেটের সহ-সভাপতিত্বে, নিউ ইয়র্ককে দায়িত্বশীল উন্নয়ন এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence, AI) এবং উদীয়মান প্রযুক্তির ব্যবহারের রাজধানীতে পরিণত করার জন্য গভর্নরের প্রতিশ্রুতিকে অগ্রসর করতে সাহায্য করবে। বোর্ডটি নিউ ইয়র্কের চিন্তা ও অভিজ্ঞতার বৈচিত্র্যকেও প্রতিফলিত করে, যার মধ্যে প্রতিষ্ঠিত কোম্পানির নেতৃবর্গ, গবেষণার পথপ্রদর্শক, অলাভজনক প্রতিষ্ঠানের নেতৃবৃন্দ এবং শিল্প অনুশীলনকারীরা রয়েছেন যারা সক্রিয়ভাবে স্টেটে উদীয়মান প্রযুক্তির ভবিষ্যত গঠন করছেন।

"নিউ ইয়র্ক এমন একটি জায়গা হিসাবে বিশ্বব্যাপী খ্যাতি তৈরি করছে যেখানে ব্যবসাগুলি বৃদ্ধি পেতে, উদ্ভাবন করতে এবং ভবিষ্যতের প্রযুক্তি তৈরি করা শুরু করতে আসে," **গভর্নর হোকল বলেন।** “অরবিন্দ এবং ডঃ ব্যারেটের সুদক্ষ নেতৃত্বের অধীনে, এই উদীয়মান প্রযুক্তি উপদেষ্টা বোর্ড আমাদের সেই গতিকে ধরে রাখতে এবং কৃত্রিম বুদ্ধিমত্তা, সেমিকন্ডাক্টর এবং অন্যান্য দ্রুত

বর্ধনশীল সেক্টর দ্বারা চালিত একটি আধুনিক, অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি গড়ে তুলতে সাহায্য করবে, যা অগণিত নিউ ইয়র্কবাসীদের জন্য সুযোগের দুয়ার খুলে দেবে।"

IBM এর চেয়ারম্যান এবং CEO অরবিন্দ কৃষ্ণ বলেন, "আমি ডঃ টারিকা ব্যারেটের সাথে নতুন ঘোষিত নিউ ইয়র্ক উদীয়মান প্রযুক্তি উপদেষ্টা বোর্ডের সহ-সভাপতি হতে পেরে সম্মানিত। নেতৃবর্গের এই দলটি নিশ্চিত করতে সাহায্য করবে যে নিউ ইয়র্ক সেমিকন্ডাক্টর, AI এবং কোয়ান্টাম কম্পিউটিং সহ অত্যাধুনিক প্রযুক্তির জন্য একটি গ্লোবাল হাব হিসাবে বিকাশ হওয়া অব্যাহত রাখবে। এই দলটিকে গঠন করার জন্য এবং নিউ ইয়র্ক এবং আমাদের সম্প্রদায়ের ভবিষ্যত নির্ধারণে তার নেতৃত্বের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

গার্লস হু কোডের CEO ডঃ টারিকা ব্যারেট বলেন, "আমি অরবিন্দ কৃষ্ণের সাথে যোগ দিতে পেরে এবং উদীয়মান প্রযুক্তি উপদেষ্টা বোর্ডের নতুন সদস্যদের স্বাগত জানাতে পেরে সম্মানিত বোধ করছি এবং তাদের সাথে সহযোগিতা করার জন্য উন্মুখ হয়ে আছি যখন আমরা নিউ ইয়র্ককে প্রযুক্তিগত অগ্রগতির এক উত্তেজনাপূর্ণ যুগে নিয়ে যাচ্ছি। তাদের অসাধারণ অভিজ্ঞতা এবং অগ্রগতির প্রতি নিযুক্তি আমাদের পরিবর্তিত কর্মশক্তির জরুরি সমস্যা সমাধানের জন্য গুরুত্বপূর্ণ হবে। আমরা যদি চাই যে নিউ ইয়র্ক পরবর্তী প্রজন্মের উদীয়মান প্রযুক্তিতে নেতৃত্ব দিক, তাহলে আমাদের এখনই আমাদের বৈচিত্র্যময় সম্প্রদায়ের মধ্যে বিনিয়োগ করতে হবে এবং নিশ্চিত করতে হবে যে তারা ভবিষ্যতের চাকরি নিতে প্রস্তুত।"

উদীয়মান প্রযুক্তি উপদেষ্টা বোর্ড নিম্নলিখিত সদস্যদের অন্তর্ভুক্ত করে:

1. **ডাঃ টারিকা ব্যারেট (সহ-সভাপতি),** CEO, গার্লস হু কোড
2. **অরবিন্দ কৃষ্ণ (সহ-সভাপতি),** CEO, এবং চেয়ারম্যান, IBM
3. **আলবার্ট বোরলা,** CEO, ফাইজার (Pfizer)
4. **রিচার্ড বুয়েরি,** CEO, রবিন হুড (Robin Hood)
5. **বার্টিনা চেকারেলি,** CEO, এনপাওয়ার (Npower)
6. **সোমক চট্টোপাধ্যায়,** ম্যানেজিং পার্টনার, আর্মোরি স্কোয়ার ভেঞ্চারস (Armory Square Ventures)
7. **মারিও সিলেন্টো,** প্রেসিডেন্ট, নিউ ইয়র্ক স্টেট AFL-CIO
8. **দেব ইট্টিচেরিয়া,** CEO, মঙ্গোডিবি (MongoDB)
9. **জোনা জেরাঘটি,** CEO, জেটব্লু (JetBlue)
10. **লিন্ডি হাইস-ডানটন,** নির্বাহী পরিচালক, ন্যাশনাল অফশোর উইন্ড রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট কনসোর্টিয়াম
11. **রেনে এফ. জোন্স,** CEO, এম অ্যান্ড টি ব্যাঙ্ক (M&T Bank)
12. **লিন মার্টিন,** প্রেসিডেন্ট, নিউ ইয়র্ক স্টক এক্সচেঞ্জ
13. **সঞ্জয় মেহরোত্রা,** CEO, মাইক্রোন (Micron)
14. **অপর্ণা পাপ্পু,** ভাইস প্রেসিডেন্ট এবং জেনারেল ম্যানেজার, গুগল ওয়ার্কস্পেস (Google)
15. **জুলি স্যামুয়েলস,** প্রেসিডেন্ট এবং এক্সিকিউটিভ ডিরেক্টর, টেক: NYC (Tech:NYC)

16. **লিসা সোবিরাজস্কি আভিলা,** CEO, কিটওয়্যার
17. **প্যাট ওয়াং,** CEO, হেলথফার্স্ট (Kitware)
18. **ড্যারেন ওয়াকার,** প্রেসিডেন্ট, ফোর্ড ফাউন্ডেশন

উদীয়মান প্রযুক্তি উপদেষ্টা বোর্ড উদীয়মান প্রযুক্তির বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সুপারিশ প্রদানের উপর ফোকাস করবে। প্রথম ছয় মাস AI-তে ফোকাস করবে, যার মধ্যে রয়েছে উদীয়মান প্রযুক্তির বিকাশের জন্য একটি ইকোসিস্টেম নিশ্চিত করা; বৃহৎ আকারে উন্মুক্ত, বিশ্বস্ত এবং দায়িত্বশীল AI স্থাপন করা; সুযোগকে পুঁজি করার জন্য কর্মীবাহিনীকে প্রস্তুত করা; এবং AI এর গণতন্ত্রীকরণ এবং "AI ই-এর অবয়ব" পরিবর্তন করা।

<u>গভর্নর হোকলের উদ্ভাবনী এজেন্ডা</u>

বড় চাকরিদাতাদের আকৃষ্ট করার জন্য এবং ভালো বেতনের, একবিংশ শতাব্দীর চাকরি তৈরি করার জন্য পুরো নিউ ইয়র্ক স্টেটে উদ্ভাবন চালনা করার প্রতি গভর্নর হোকল প্রতিশ্রুতিবদ্ধ আছেন। তার অর্থবছর 2025 এর বাজেটের অংশ হিসাবে, গভর্নর এম্পায়ার AI প্রতিষ্ঠার জন্য আইনসভার সাথে একটি ঐতিহাসিক চুক্তি সুরক্ষিত করেছেন যা কৃত্রিম বুদ্ধিমত্তা গবেষণার অগ্রভাগে নিউ ইয়র্কের অবস্থানকে সুরক্ষিত করার জন্য প্রথম কনসোর্টিয়াম। কনসোর্টিয়ামটি বাফেলো বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে একটি অত্যাধুনিক কৃত্রিম বুদ্ধিমত্তা কম্পিউটিং কেন্দ্র তৈরি এবং চালু করতে 275 মিলিয়ন মার্কিন ডলার স্টেটীয় বিনিয়োগ লাভ করবে। দায়িত্বশীল গবেষণা ও উন্নয়ন প্রচার, কর্মসংস্থান সৃষ্টি এবং জনসাধারণের কল্যাণের জন্য AI-কে এগিয়ে নিতে নিউ ইয়র্কের শীর্ষস্থানীয় প্রতিষ্ঠানগুলো এই সেন্টারটি ব্যবহার করবে। প্রকল্পটি স্টেট এবং সাতটি প্রতিষ্ঠাতা প্রতিষ্ঠান দ্বারা সমর্থিত হবে, সেগুলি হলো কলাম্বিয়া ইউনিভার্সিটি (Columbia University), কর্নেল ইউনিভার্সিটি (Cornell University), নিউ ইয়র্ক ইউনিভার্সিটি (New York University), রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট (Rensselaer Polytechnic Institute), নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY), নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (New York, the City University, CUNY), এবং ফ্ল্যাটআয়রন ইনস্টিটিউট (Flatiron Institute), সেই সাথে শিল্পখাতের নেতৃবৃন্দও থাকবে।

নিউ ইয়র্ক স্টেটে সেমিকন্ডাক্টর গবেষণা, বিকাশ, এবং প্রস্তুতকরণ চালনা করার জন্য গভর্নর আগে নিউ ইয়র্কের ঐতিহাসিক সবুজ CHIPS (Green CHIPS) বিধিমালা স্বাক্ষর করেছেন এবং NY CREATES এর অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে পরবর্তী প্রজন্মের চিপস গবেষণা নিয়ে আসার জন্য 10 বিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্ব ঘোষণা করেছেন। বায়োমেডিকেল গবেষণায় উদ্ভাবন সমর্থন করার জন্য গভর্নর হোকল 620 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সাইন্স উদ্যোগ অগ্রসর করা অব্যাহত রেখেছেন। 113.7 মিলিয়ন মার্কিন ডলারের ব্যাটারি-NY উদ্যোগের মতো কৌশলী বিনিয়োগের মাধ্যমে গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে টেকসই দশা, সবুজ প্রযুক্তি, এবং শক্তি স্টোরেজ অর্থনীতির বিকাশে ইন্ধন প্রদান করেছেন।

গভর্নরের উদ্ভাবনী এজেন্ডা মুখ্য সরকারি ও বেসরকারি বিনিয়োগের জন্য অনুঘটক হিসেবে কাজ করেছে, নিউ ইয়র্কের অর্থনীতিকে রূপান্তরিত করেছে এবং ভবিষ্যতের ভালো বেতনের চাকরি তৈরি করেছে। গ্লোবালফাউন্ড্রিজ (GlobalFoundries) সম্প্রতি নিউ ইয়র্কের ক্যাপিটাল রিজিয়নে এর চিপ প্রস্তুতকরণ ক্যাম্পাস সম্প্রসারিত করার জন্য 11.6 বিলিয়ন মার্কিন ডলার

বিনিয়োগ ঘোষণা করেছেন, যা 1,500 প্রত্যক্ষ এবং কয়েক হাজার পরোক্ষ চাকরি তৈরি করবে। 2022 সালে মাইক্রন (Micron) সেন্ট্রাল নিউ ইয়র্কে একটি মেগাফ্যাব ক্যাম্পাস তৈরির জন্য একটি 20 বছরের 100 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ ঘোষণা করেন, যা 50,000 নতুন প্রত্যক্ষ ও পরোক্ষ চাকরি তৈরি করবে এবং সম্প্রদায়ের কল্যাণে কয়েকশত মিলিয়ন মার্কিন ডলার উন্মোচন করবে। গভর্নরের লাইফ সাইন্স উদ্যোগ (Life Sciences Initiative) 300 মিলিয়ন মার্কিন ডলারের চ্যান জাকারবার্গ বায়োহাব নিউ ইয়র্কের (Chan Zuckerberg Biohub New York) জন্য নিউ ইয়র্কের নির্বাচনকে পাকাপোক্ত করেছে, এটি নিউ ইয়র্ক সিটির একটি বায়োমেডিকেল গবেষণা কেন্দ্র, এবং শ্রোডিঙ্গার ইনকর্পোরেট (Schrödinger, Inc), ডিয়ারফিল্ড ডিসকভারি অ্যান্ড ডেভেলপমেন্ট (Deerfield Discovery and Development), এবং অন্যান্য লাইফ সাইন্স ব্যবসার থেকে উল্লেখযোগ্য বিনিয়োগ সম্ভব হয়েছে। এর আগে এই বছরে, অভ্যন্তরীণ ব্যাটারি শিল্পখাতের ধারণক্ষমতা বিকাশের জন্য উদ্ভাবন, প্রযুক্তি অনুবাদ, এবং কর্মীবাহিনীর বিকাশের একটি কেন্দ্র স্থাপন করার জন্য ন্যাশনাল সাইন্স ফাউন্ডেশনও (National Science Foundation) বিংহ্যামটন ইউনিভার্সিটির (Binghamton University) নিউ এনার্জি নিউ ইয়র্ক স্টোরেজ ইঞ্জিনে (New Energy New York Storage Engine) 160 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ ঘোষণা করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন